পিকলু নন্দী , সহকারী পরিদর্শক , উপজেলা সমবায় কার্যালয় ,সেনবাগ, নোয়াখালী কর্তৃক

**ছাতারপাইয়া রুপালী মৎস্যজীবি** সমবায় সমিতি লিঃ এর পরিদর্শন প্রতিবেদন।

০১। সমিতির নাম : **ছাতারপাইয়া রুপালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ।**

০২। সমিতির ঠিকানা : মোকামঃ ছাতারপাইয়া পোঃ ছাতারপাইয়া
উপজেলা- সেনবাগ, জেলা- নোয়াখালী।

০৩। সমিতির রেজি নং ও তারিখ : নং-১০২/১০( নোয়া )তারিখ ◌ঃ ১৬-০৫-২০১০ খ্রিঃ।

০৪। সমিতির সভ্য নির্বাচনীএলাকা : সমগ্র সেনবাগ উপজেলারমধ্যে সীমাবদ্ধ।

০৫। সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির কর্মকর্তাদের নাম ,পদবী ও নির্বাচনের তারিখ :

| ক্রঃ নং | নাম | পদবী | নির্বাচিতহওয়ারতারিখ |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ শহিদুল হক | সভাপতি | ১০/০৫/২০২৩খ্রি. |
| ০২ | জনাব মোঃ ইউসুফ | সহ-সভাপতি | ঐ |
| ০৩ | জনাব মোঃ ছয়েদুল হক | সম্পাদক | ঐ |
| ০৪ | জনাব মোঃ আবু জাহের | সদস্য | ঐ |
| ০৫ | জনাব মোঃ সহিদ উল্যাহ | সদস্য | ঐ |
| ০৬ | জনাব নাছির উদ্দিন | সদস্য | ঐ |

০৬ । সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের তারিখ : ১০/০৫/২০২৩খ্রি..

০৭। নির্বাচনোত্তর কমিটির সাংগঠনিক সভা : ১০/০৫/২০২৩খ্রি..

০৮। সমিতির বার্ষিক সাধারণ সভার তারিখ : হয়নি

০৯। অনুমোধিত শেয়ার মুলধন : ৫০,০০,০০০ টাকা

১০। সমিতির সদস্য সংখ্যাঃ : ২০ জন।

১১। বর্তমান অডিট অফিসারের নাম ও পদবী : জনাব অনুপম চন্দ্র দাস, সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস, সেনবাগ,নোয়াখালী।

১৩। বর্তমান অডিট সম্পাদনের তারিখ : ০৮/১০/২০২৪

১৪। সমিতির পরিদর্শন কর্মকতার নাম ও পদবী : পিকলু নন্দী সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস, সেনবাগ,নোয়াখালী।

১৫। সমিতি পরিদর্শনের তারিখ : ২৯/০১/২০২৫ খ্রি.

১৬। সমিতির শেয়ার মূলধন : ২০০০০.০০টাকা

১৭। সঞ্চয় আমানতের পরিমাণ : ৮৮৫০০.০০ টাকা

১৯। হাল সনে নীট ক্ষতি (২০২২-২০২৩) : ১০২১৯.০০টাকা

**পরিদর্শন প্রতিবেদন**

অদ্য ২৯/০১/২০২৫ খ্রি.তারিখে ছাতার পাইয়া রুপালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃপরিদর্শন করি।

১।**সমিতির উপ-আইন-**

সমিতির নিবন্ধিত উপ-আইন, বর্তমান সমবায় সমিতি আইন২০০১, সংশোধন ২০০২ ও সংশোধন ২০১৩ এর সাথে সংগতি পুর্ণ নয়। তাই বর্তমান আইনের সাথে সংগতি রেখে সমিতির নিবন্ধিত উপ-আইন সংশোধন করে নেয়ার জন্য ব্যাবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

২.**সমিতির সদস্য সংখ্যাঃ**

পরিদর্শন তারিখ পর্যন্ত সমিতির সদস্য সংখ্যা ২০ জন দেখা যায়। সমবায়েআগ্রহী ও এলাকার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিবর্গকে সমিতিতে সদস্যভুক্ত করারএবং সভ্য তালিকাবহিযথাযথভাবেসংরক্ষণকরারপরামর্শ দেয়া হল।

৩.**ব্যবস্থাপনা কমিটিঃ**

সমিতির ০৬(ছয়) সদস্য বিশিষ্ট ব্যাবস্থাপনা কমিটি দ্বারা পরিচালিত হচ্ছে । ব্যাবস্থাপনা কমিটিও নির্বাচন ঃ সমিতির রেজুলেশান বহি পর্যালোচনান্তে দেখা যায় যে, বর্তমান ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ১০/০৫/২০২৩খ্রি.এবং প্রথম সভা ১০/০৫/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কমিটির মেয়াদ ০৯/০৫/২০২৬ খ্রি. তারিখে উত্তীর্ণ হবে। উল্লেখিত তারিখে অনুষ্ঠিত নির্বাচনে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে সমিতির সার্বিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত সময় সীমার মধ্যে সমবায় সমিতি বিধিমালা/০৪ মোতাবেক নির্বাচন অনুষ্ঠানের জন্য পরামর্শ দেয়া গেল।

৪.**বার্ষিক সাধারণ সভাঃ**

সমিতির পরিদর্শনকালেদেখাযায় বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়নি। বর্তমান সংশোধিত সমবায় সমিতি আইন/১৩ এর ১৭(৩) ধারা অনুযায়ী সমিতির নিরীক্ষা কাজ শেষহওয়ার ৬০(ষাট) দিনের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে বার্ষিক সাধারণ সভাআহবান করতে হবে এবং উক্ত সভায় বাজেট, আয়-ব্যয়ের হিসাব অনুমোদন, প্রকল্প গ্রহণ, কর্জ গ্রহণ ও দাদনের সর্বোচ্চ সীমা নির্ধারণ, মুনাফা বিতরণ ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধন্ত নেয়ার জন্য এবং বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমীপে দাখিল করা জন্য ব্যাবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

৫। **ব্যবস্থাপনা কমিটির সভাঃ**

২০২৩-২৪ খ্রিঃ আর্থিক বছরে সমিতিতে ব্যবস্থাপনা কমিটির ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৪২(২) বিধি মোতাবেক প্রতিমাসে কমপক্ষে ১টি সভা অনুষ্টান এবং সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য পরামর্শ দেয়া গেল ।

৬.**শেয়ার মূলধনঃ**

আলোচ্য সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমান ৫ ,০০ ,০০০ টাকা। শেয়ারসংখ্যা ঃ ৫০০০টি। নামীকমূল্য ঃ ১০০ টাকাঅংশে বিভক্ত। পরিদর্শনকালীন তারিখ পর্যন্ত ২০০০০.০০টাকাশেয়ার মূলধন ।আলোচ্য সনে কোন শেয়ার বিক্রয় করা হয় নি। শেয়ার বিক্রয় করার এবং সদস্য গণকে শেয়ার সার্টিফিকেট প্রদান করার জন্য পরামর্শ দেয়া হল।

৭. **সঞ্চয় আমানতঃ**

পরিদর্শনকালীন সময় পর্যন্ত আদায়কৃত সঞ্চয় আমানত ৮৮৫০০.০০ টাকা। সদস্যগণকে আমানতের পাশ বই বিতরণ করার জন্য পরামর্শ দেয়া হল। সদস্যগণ হতে নিয়মিত সঞ্চয় আমানত আদায়পূর্বক সমিতির মূলধন বৃদ্ধি করতে এবং উক্ত টাকা যথাযথভাবে বিনিয়োগ করতে-ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হল। তা'ছাড়া সমবায় সমিতি বিধিমালা'২০০৪ এর ৬৭ বিধি মোতাবেক সমিতি উহার সংগৃহিত আমানতের উপর নিম্নবর্ণিত হারে লিকুইডকভার সংরক্ষণ করতে হবে যা অতি সহজে নগদ অর্থে রূপান্তর করা যায়।

ক) পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে ফেরৎ প্রদান যোগ্য স্থায়ী আমানতের ২০ (বিশ) শতাংশ।

খ) সঞ্চয়ী আমানতের ২৫ (পঁচিশ) শতাংশ।

গ) চলতি হিসাবের ৫০ (পঞ্চাশ) শতাংশ।

৮.**ব্যাংকহিসাবঃ**

সমিতির নামে জনাতা ব্যাংক, ছাতারপাইয়া , শাখা একটি সঞ্চয়ী হিসাব আছে মর্মে দেখা যায় যার হিসাব নং- ০১০০২৩০৭১১১২১। সমিতির যাবতীয় লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে পরিচালনা করার জন্য পরামর্শ দেয়া গেল।

৯.**বিনিয়োগঃ** বার্ষিক ৫(পাঁচ লক্ষ) টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ৪৬(২) বিধিমতে নিবন্ধক অর্থাৎ জেলা সমবায় অফিসার নোয়াখালী মহোদয়েরপূর্বানুমোদন গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া গেল।

১০.**উন্নয়ন মূলক প্রকল্প গ্রহণঃ**

সমিতির স্থায়ী সম্পদ বৃদ্ধির লক্ষে বিভিন্ন উন্নয়ন মুলক পরিকল্পনা গ্রহণকরতে হবে। স্থায়ী সম্পদ সংগ্রহ বা ক্রয়ের ক্ষেত্রে অবশ্যই সমিতির নামে সংগ্রহ করতে হবে।এ-ব্যপারে ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া গেল।

১১.**নীট লাভ/ক্ষতিঃ**

সমিতির ২০২৩-২০২৪ খ্রিঃ সনের লাভ-ক্ষতিহিসাব পরীক্ষান্তে দেখা যায় যে, বর্তমান অর্থবছরে সমিতির মং ১০২৬৮.০০টাকা নীট ক্ষতি হয়েছে। সমিতির যাবতীয় খরচে আরো কৃচ্ছ্রতা সাধন করে এবং নিবন্ধিত উপ-আইনমোতাবেক সমিতিতে ক্ষুদ্র ক্ষুদ্র প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে এটিকে একটি লাভজনক প্রতিষ্ঠানে উন্নীত করার জন্য পরামর্শ দেয়া হল।

১২.**মজুদ তহবিলঃ**

পরিদর্শন কালীন তারিখে সমিতির জমা-খরচ বহি অনুযায়ী হস্তে মজুত তহবিল ২১২৯৯/- টাকা। জমা খরচ বহি দৈনন্দিন লেনদেন শেষে হাল নাগাদ লিপিবদ্ধ করার এবং অধিক পরিমাণ টাকা হাতে না রেখে সমিতির ব্যাংক হিসাবে উক্ত টাকা জমা রাখতে পরামর্শ দেয়া হল।

**১৩সমাপনী মন্তব্যঃ-**

সমিতির কার্যক্রম মোটামুটি সন্তোষজনক। সততা, দক্ষতা ও আন্তরিকভাবে সমবায় সমিতি আইন, বিধি ও সমিতির উপ-আইন অনুযায়ী কার্যক্রম চালিয়ে গেলে সমিতি আরো উন্নতি ও টেকসই উন্নয়ন সম্ভব হবে।

১৪.**পরামর্শসমূহঃ**

- সদস্য রেজিষ্টার বহির সকল কলাম পূরন করতে হবে।
- নির্দ্দিষ্ট সময়ে বার্ষিক সাধারণ সভা করতে হবে ।
- সদস্যদের মধ্যে শেয়ার সার্টিফিকেটসরবরাহ করতে হবে ।
- বার্ষিক ৫(পাঁচ)লক্ষ টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে বাজেট নিবন্ধক মহোদয়ের অনুমোদন নিতে হবে ।
- জমাকৃত সঞ্চয় আমানতের ৮০% এর অধিক ঋণ বিনিয়োগ করা যাবেনা।
- হস্তেমজুত তহবিলের টাকা ব্যাংক হিসাবে জমা করতে হবে ।

Piklu 29/01/25

( পিকলু নন্দী )
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস
সেনবাগ ,নোয়াখালী।

স্মারক নং-

তারিখঃ২৯/০১/২০২৫খ্রি,

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১) সভাপতি/ সম্পাদক, ছাতারপাইয়া রুপালী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ গ্রাম/মোকাম- ছাতারপাইয়া ,পো ছাতারপাইয়া, উপজেলা- সেনবাগ, জেলা- নোয়াখালী। তাঁকে উক্ত পরিদর্শন প্রতিবেদনেরউপর বাস্তবায়ন প্রতিবেদন পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপজেলা সমবায় অফিসের মাধ্যমে দাখিল করার জন্যবলা হল।

০২) উপজেলা সমবায় অফিসার,সেনবাগ ,নোয়াখালী।

০৩) জেলা সমবায় অফিসার, নোয়াখালী মহোদয়ের সদয় অবগতির জন্য।

০৪) অফিস কপি।

Piklu 29/01/25

( পিকলু নন্দী )
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় অফিস
সেনবাগ ,নোয়াখালী।